

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১০০০

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৫৩- দুই মুসলিমের সাক্ষাতকালে সালাম প্রদানকারী মুসলিমের অধিকার।

بَابُ حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ أَنْ يُسَلِّمَ عَلَيْهِ إِذَا لَقِيَهُ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ: حَدَّثَنَا مَالِكُ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتُّ، قِيلَ: وَمَا هِيَ؟ قَالَ: إِذَا لَقِيتُهُ فَسَلِّمْ عَلَيْهِ، وَإِذَا دَعَاكَ فَأَجِبْهُ، وَإِذَا اسْتَنْصَحَكَ فَانْصَحْ لَهُ، وَإِذَا عَطَسَ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتْهُ، وَإِذَا مَرِضَ فَعُدْهُ، وَإِذَا مَاتَ فَاصِحْبُهُ.

বাংলা

১০০০। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এক মুসলিমের উপর অপর মুসলিমের পাঁচটি কর্তব্য রয়েছে। জিজ্ঞেস করা হলো, ইয়া রাসূলাল্লাহ! তা কি কি? তিনি বলেনঃ (১) তুমি তার সাথে সাক্ষাৎ করলে তাকে সালাম দিবে। (২) সে তোমাকে দাওয়াত দিলে তুমি তার দাওয়াত কবুল করবে। (৩) সে তোমার কাছে পরামর্শ বা উপদেশ চাইলে তুমি তাকে সৎ পরামর্শ বা সদুপদেশ দিবে। (৪) সে হাঁচি দিয়ে আলহামদু লিল্লাহ বললে তুমি তার হাঁচির জবাব দিবে। (৫) সে মারা গেলে তুমি তার সংগী হবে (জানাযা পড়বে ও দাফন করবে)। (বুখারী, মুসলিম)

## **English**

Abu Hurayra said, "I heard the Messenger of Allah, may Allah bless him and grant him peace, say, 'The rights a Muslim has over another Muslim are six." He was asked, "What are they?" He replied, "When he meets him, he should greet him, When he gives him an invitation, he should accept. When he asks him for advice, he should give him good counsel. When he sneezes and praises Allah, he should wish him mercy. when he is ill, he should visit him. When he dies, he should accompany him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন